

বিজিএ/এডমিন/২০২৩/ ০৬

০৮ জানুয়ারী ২০২৩

## সম্মানিত সকল সদস্য

বিজিএমইএ।

### শীতাত মানুষের পাশে দাঁড়ানোর আহ্বান

প্রিয় সহকর্মী,

আসসালামু আলাইকুম।

বর্তমানে দেশজুড়ে জেঁকে বসেছে তীব্র শীত। দেশের বেশকিছু অঞ্চলের উপর দিয়ে বয়ে যাচ্ছে শৈত্যপ্রবাহ। তাপমাত্রার ধারাবাহিকতা রক্ষা করে চলতি মাসে আরও কয়েকটি শৈত্যপ্রবাহ হবে। এ পরিস্থিতিতে বিজিএমইএ অসহায় গরীব মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণের সিদ্ধান্ত নিয়েছে। বিজিএমইএ গভীরভাবে বিশ্বাস করে যে, শীতাত মানুষের সহায়তায় এগিয়ে আসা সর্ববৃহৎ রপ্তানীকারক খাত হিসেবে তৈরী পোশাক শিল্পের একটি সামাজিক দায়িত্ব। শীতাত মানুষের সাহায্যার্থে সম্মানিত পোশাক শিল্প মালিকদের নিজ নিজ সামর্থ অনুযায়ী শীতবস্ত্র (কম্বল, সোয়েটার, ছুডি ও গরম কাপড়সহ) ঢাকাস্থ বিজিএমইএ কার্যালয়ে প্রেরণের জন্য একান্তভাবে অনুরোধ করছি।

অনুগ্রহপূর্বক আপনাদের অনুদান প্রদানের জন্য বিজিএমইএ'র নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করুন।


- শীতবস্ত্র প্রদানে যোগাযোগ : জনাব মোঃ আবুল হোসেন  
যুগ্ম সচিব (মোবাইলঃ ০১৯১৩-৫২৯৯৩০)
- আর্থিক অনুদান প্রদানে যোগাযোগ : জনাব সঞ্জীব প্রসাদ ঘোষ  
সিনিয়র উপ-প্রধান হিসাবরক্ষক (মোবাইলঃ ০১৭৫৫-৬১৮৩০৮)

আপনাদের অর্থ অনুদান একাউন্ট পে-চেক/পে-অর্ডার/ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে নিম্নেবর্ণিত একাউন্টে জমা প্রদান করা যাবে।

A/C Name : BGMEA Disaster Relief Account  
A/C No. : 1017124226001  
Bank : IFIC Bank Ltd., Kawran Bazar Branch (Router No. : 120262531)  
Address : BTMC Bhaban, 7-9, Kawran Bazar, Dhaka-1215

এ ব্যাপারে সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,

  
ফারুক হাসান  
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)  
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •